২০ নভেম্বর, ২০২৫

# আজ তত্ত্বাবধায়ক ব্যবস্থা পুনর্বহাল চূড়ান্ত রায় দেবে আপিল বিভাগ



সংগৃহীত ছবি

নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা ফিরিয়ে আনার বিষয়ে দীর্ঘদিন ধরে চলা আইনি লড়াইয়ের চূড়ান্ত অধ্যায় আজ শেষ হচ্ছে। দেশের সর্বোচ্চ আদালত আজ বহুল আলোচিত এই আপিলের রায় ঘোষণা করবে। রায় প্রকাশের পর স্পষ্ট হবে—বাতিল হয়ে যাওয়া এ ব্যবস্থাটি ফিরতে পারে কি না, ফিরলে তা কী কাঠামোয় কার্যকর হতে পারে।

টানা দশ কর্মদিবস শুনানি শেষে প্রধান বিচারপতি সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন সাত বিচারপতির বেঞ্চ রায় ঘোষণার জন্য বিষয়টি অপেক্ষমান রাখেন। এ আপিলে বিএনপির পক্ষে যুক্তি দেন সিনিয়র আইনজীবী জয়নুল আবেদীন ও ব্যারিস্টার রুহুল কুদ্দুস কাজল। জামায়াতের পক্ষে আদালতে উপস্থিত ছিলেন আইনজীবী মোহাম্মদ শিশির মনির। পাঁচ বিশিষ্ট নাগরিকের পক্ষে আপিল শোনেন সিনিয়র আইনজীবী শরীফ ভূইয়া। রাষ্ট্রের পক্ষ থেকে শুনানিতে অংশ নেন অ্যাটর্নি জেনারেল মো. আসাদুজ্জামান।

আইনজীবীদের যুক্তিতে উঠে আসে—গণতন্ত্রের দীর্ঘস্থায়ী স্বার্থে আবারও তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা চালু করা প্রয়োজন। তাদের দাবি, এই ব্যবস্থা বাতিল হওয়ার পর থেকেই রাজনৈতিক অস্থিরতা প্রকটভাবে বেড়েছে।

LENS ASIA